ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২২১৫</u>

আগরতলা, ৮ আগস্ট, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ৩০ জুলাই, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘অবৈধ পার্কিং দুশ্চিন্তা বাড়াচ্ছে নিগমবাসীর, উদাসীন কর্তৃপক্ষ’ শিরোনামে প্রকাশিত সংবাদটি আগরতলা পুর নিগমের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ বিষয়ে আগরতলা পুর নিগম থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে, অবৈধ পার্কিং রোধে আগরতলা পুর নিগম, ট্রাফিক ও পুলিশ প্রশাসনের সমন্বয়ে নিয়মিত যৌথভাবে এনফোর্সমেন্ট অভিযান চালানো হয়। এর পাশাপাশি শহরের বিভিন্ন এলাকায় অবৈধ পার্কিং সমস্যা সমাধানে পিপিপি মডেলে একাধিক পেইড পার্কিং জোন স্থাপন ও চালু করা হয়েছে। উল্লেখযোগ্য যে, মোটরস্ট্যান্ড এলাকায় মাল্টিলেভেল কার পার্কিং জোন নির্মাণের কাজ চলছে, যা সম্পন্ন হলে আগরতলা শহরের কেন্দ্রস্থলে পার্কিং সমস্যা অনেকাংশে নিরসন হবে। এছাড়াও আগরতলা পুর নিগমের পক্ষ থেকে ইউআইডিএফ প্রকল্পের অধীনে আরও ৩১টি নতুন পার্কিং জোন নির্মাণের প্রস্তাব পেশ করা হয়েছে। যা অনুমোদন পেলে শহরের অবৈধ পার্কিং সমস্যা কার্যকরভাবে সমাধান করা সম্ভব হবে। অতএব সংবাদে উল্লিখিত কর্তৃপক্ষ উদাসীন বলে যা প্রকাশিত হয়েছে তা অসত্য।

*******